চাটমোহরে ধানের শীষের পোষ্টার ছেড়ার অভিযোগ

চাটমোহর প্রতিনিধি: আগামী ২৩শে
এপ্রিল ইউপি নির্বাচন উপলক্ষে
পাবনার চাটমোহর উপজেলার মূলগ্রাম
ইউনিয়নের বিভিন্ন স্থানে টানানো
ধানের শীষের পোষ্টার ছিড়ে ফেলার
অভিযোগ করেছেন বিএনপির
চেয়ারম্যান প্রার্থী।

অভিযোগে যানা যায়, ইউপি নির্বাচন উপলক্ষে ইতিমধ্যে উপজেলার মূলগ্রাম ইউনিয়নের প্রত্যান্ত গ্রামগঞ্জ, হাট-বাজারে বিএনপির মনোনিত প্রার্থী মোঃ গিয়াস উদ্দিনের ছবি ও ধানের শীষ সম্বলীত পোষ্টার টানানো হয়।

প্রায় প্রতিদিনই গভীর রাতে একযোগে এ পোষ্টার কে বা কারা যেন ছিড়ে ফেলছে।

এর মধ্যে বুধবার সকালে রেলবাজার এলাকায় সরেজমিনে দেখা যায় প্রায় ৫টি জায়গার পোষ্টার ছিড়ে মাটিতে ফেলে রাখা হয়েছে।

মূলগ্রাম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রার্থী মোঃ গিয়াস উদ্দিন জানান, শ্রত্রুতার জের ধরে কে বা কারা রাতের আধারে এসব পোষ্টারগুলো ছিড়ে ফেলছে।